রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ৪, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৪ নভেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নম্বর ৩৯৮-আইন/২০২৬।—সরকার Commissions of Inquiry Act, 1956 (Act No. VI of 1956) এর section 3 এ প্রদত্ত ক্ষমতাবলে, হামের টিকা ক্রয় ও বিতরণে বিলম্ব, অনিয়ম ও প্রশাসনিক ব্যর্থতার কারণে জনস্বাস্থ্যের উপর সৃষ্ট বিরূপ প্রভাবের অভিযোগে অন্তর্বর্তী সরকারের (৮ আগস্ট ২০২৪ হইতে ১৭ ফেব্রুয়ারি ২০২৬) দায়-দায়িত্ব নির্ধারণের লক্ষ্যে নিম্নরূপে একটি তদন্ত কমিশন গঠন করিল, যথা:—

১. বিচারপতি মামনুন রহমান — সভাপতি
সাবেক বিচারপতি, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট

২. প্রফেসর ডা. মওদুদ হোসেন আলমগীর — সদস্য
প্রেসিডেন্ট, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)

৩. জনাব এ এন এম মঈনুল ইসলাম — সদস্য।
অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ

২। উক্ত তদন্ত কমিশনের কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) হামের টিকা ক্রয় ও বিতরণে বিলম্ব, অনিয়ম ও প্রশাসনিক ব্যর্থতার কারণ ও দায়-দায়িত্ব চিহ্নিতকরণ;

(খ) ভবিষ্যতে এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা প্রতিরোধে করণীয় বিষয়ে সুপারিশ প্রদান; এবং

(গ) কমিশনের বিবেচনায় এতদসংশ্লিষ্ট অন্য কোনো সুপারিশ।

মূল্য : টাকা ৪.০০

৩। তদন্ত সংশ্লিষ্ট বিষয়ে উক্ত কমিশন বাংলাদেশের যেকোনো স্থান পরিদর্শন এবং যেকোনো ব্যক্তিকে কমিশনে তলব ও জিজ্ঞাসাবাদ করিতে পারিবে।

৪। কমিশন, Commissions of Inquiry Act, 1956 অনুসারে তদন্তকার্য সম্পন্ন করিয়া প্রজ্ঞাপন জারির তারিখ হইতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে সরকারের নিকট তদন্ত প্রতিবেদন দাখিল করিবে।

৫। স্বাস্থ্য সেবা বিভাগ তদন্ত কমিশনকে সাচিবিক সহায়তাসহ সকল প্রকার সহায়তা প্রদান, কমিশনের ব্যয় নির্বাহ এবং কমিশনকে সহায়তার উদ্দেশ্যে স্বাস্থ্য সেবা বিভাগ বা উহার অধীনস্থ প্রতিষ্ঠানে কর্মরত প্রয়োজনীয় সংখ্যক ব্যক্তিকে দায়িত্ব প্রদান করিবে।

৬। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ হুমায়ুন কবির
অতিরিক্ত সচিব

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd